
## ছোট নবজাতক শিশুর বিশেষ সেবা

### ক্যাঙ্গারু মাদার কেয়ার ছোট নবজাতকের জীবন বাচাঁতে বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে



**কম্প্রিহেনসিভ নিউবর্ন কেয়ার প্যাকেজ**

পুনর্মুদ্রণেঃ ইউএসএআইডি'র 'মামনি' মাতৃ ও নবজাতক স্বাস্থ্যসেবা উন্নয়ন প্রকল্প, ২০১৯

USAID
আমেরিকার জনগণের পক্ষ থেকে

Save the Children

## ছোট নবজাতক শিশুর বিশেষ সেবা



# ক্যাঙ্গারু মাদার কেয়ার সহায়িকা ও ফলোআপ কার্ড

(কেএমসি সেবা প্রাপ্ত শিশুর মা ও পরিবারের সহায়তার জন্য)

**কম্প্রিহেনসিভ নিউবর্ন কেয়ার প্যাকেজ**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

## কম্প্রিহেনসিভ নিউবর্ন কেয়ার প্যাকেজে'র আওতায় ছোট নবজাতকের জন্য ক্যাঙ্গারু মাদার কেয়ার সহায়িকা ও ফলোআপ কার্ড

পুনর্মুদ্রণঃ জুন ২০১৯
কারিগরি সহযোগিতায়ঃ
সেভিং নিউবর্ন লাইভস্ প্রোগ্রাম, সেভ দ্য চিলড্রেন





### কেএমসি গ্রহনকৃত শিশুর তথ্য ঃ

শিশুর নামঃ...............................................................

মায়ের নামঃ...............................................................

বাবার নামঃ...............................................................

ঠিকানাঃ...............................................................

শিশুর জন্ম তারিখঃ..................... জন্ম ওজনঃ..............

কেএমসি গ্রহনকৃত কেন্দ্রের নামঃ...............................

...............................................................

কেএমসি গ্রহনের তারিখঃ.................. ওজনঃ................

ছাড়পত্র গ্রহনের তারিখঃ...............................................

ছাড়পত্র গ্রহনের সময় ওজনঃ...............................................

## কেএমসি গ্রহনকৃত শিশুর হাসপাতালে ফলোআপের তথ্য

| ফলোআপের তারিখ | ফলোআপ ফাইন্ডিংস |
|---|---|
| ১. | |
| ২. | |
| ৩. | |
| ৪. | |
| ৫. | |

*কেএমসি গ্রহনকৃত শিশুর ফলোআপের তথ্যাদি চিকিৎসক কর্তৃক পূরণীয়*





## কেএমসি গ্রহনকৃত শিশুর হাসপাতালে ফলোআপের তথ্য

| ফলোআপ ব্যবস্থাপনা | ওজন (গ্রাম) | সেবাপ্রদানকারীর নাম ও স্বাক্ষর |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

হাসপাতালে প্রতিবার ফলোআপের সময় শিশুর ওজন, লেনথ্ ও হেড সারকামফ-রেন্স পরিমাপ করতে হবে এবং কেএমসি পজিশন, ফিডিং ও বিপদচিহ্ন পর্যবেক্ষন সহ অন্যান্য শারীরিক পরীক্ষা করতে হবে। শিশুর ৬ সপ্তাহ বয়সে শ্রবণ পরীক্ষা এবং ১, ৯ ও ১২ মাস বয়সে চোখ পরীক্ষা করার জন্য পরামর্শ দিতে হবে।

## ক্যাঙ্গারু মাদার কেয়ার (কেএমসি)



- ✓ কম জন্ম-ওজনের বা অপরিনত শিশুদের একটি বিশেষ সেবা ক্যাঙ্গারু মাদার কেয়ার (কেএমসি)
- ✓ শিশুকে মায়ের বা পরিবারের অন্য কারো বুকের ত্বকের সাথে লাগিয়ে রেখে ক্যাঙ্গারু মাদার কেয়ার দিতে হয়
- ✓ এসময় শিশুকে নিয়মিত মায়ের বুকের দুধ খাওয়াতে হয়
- ✓ কেএমসি প্রদান করলে শিশুর সংক্রমন প্রতিরোধ করা যায়





## কোন শিশুদের ক্যাঙ্গারু মাদার কেয়ার প্রদান করা হয়?

- যেসব শিশুর জন্ম ওজন ২০০০ গ্রামের নীচে
- যেসব শিশু ৩৭ সপ্তাহের আগেই জন্ম গ্রহন করে

## কেএমসি প্রদানের সুবিধা কি ?

- ✓ কেএমসি প্রদানের সময় শিশু মায়ের বুকের সরাসরি স্পর্শে থাকে। তাই শিশুর তাপমাত্রা স্বাভাবিক থাকে
- ✓ কেএমসি প্রদানের সময় শিশুকে বুকের দুধ খাওয়ানো সহজ হয়
- ✓ কেএমসি প্রদান করলে শিশু তাড়াতাড়ি বেড়ে ওঠে
- ✓ মায়ের ত্বকের স্পর্শে থাকার ফলে শিশু রোগজীবাণুর হাত থেকে সহজেই রক্ষা পায়
- ✓ কেএমসি প্রদান করলে শিশুর মৃত্যুর ঝুঁকি অনেক কমে যায়

**আপনার শিশুকে প্রতিদিন কমপক্ষে ২০ ঘন্টা কেএমসি সেবা দিন**

## ক্যাঙ্গারু মাদার কেয়ার প্রদানের সময় পরিবারের করনীয়



- শাড়ী, ব্লাউজ, ম্যাক্সি সহ যে কোন আরামদায়ক পোশাক পরে মা ক্যাঙ্গারু মাদার কেয়ার প্রদান করতে পারেন

- কেএমসি দেওয়ার সময় মা তার স্বাভাবিক কাজকর্ম করতে পারবেন যেমন: স্বাভাবিক হাঁটাচলা, খাওয়া দাওয়া, বইপড়া, টিভি দেখা, গল্প করা ইত্যাদি







- মা ঘুমানোর সময় তার শিশুকে কেএমসি অবস্থানে রেখে ঘুমাতে পারবেন






- মা ছাড়াও পরিবারের যেকোন নিকট আত্মীয় (যেমন: বাবা, দাদী, নানী) শিশুকে কেএমসি দিতে পারবেন

**মা'কে প্রয়োজনীয় বিশ্রাম ও দৈনন্দিন কাজে সহযোগিতা করুন**

## শিশুকে ক্যাঙ্গারু মাদার কেয়ার প্রদানের পদ্ধতি কি?



শিশুকে মায়ের ত্বকের স্পর্শে স্তনের মাঝখানে সোজাভাবে রাখতে হবে

শিশুর মাথা টুপি বা কাপড় দিয়ে ঢেকে রাখতে হবে ও মাথা যে কোন একপাশে ঘুরিয়ে রাখতে হবে

শিশুর দুই হাত স্তনের উপরের দিকে কিছুটা ভাঁজ করা থাকবে ও প্রয়োজনে হাত মোজা পরাতে হবে

হাটু ভাঁজ করা থাকবে ও প্রয়োজনে পা মোজা পরাতে হবে (এ অবস্থায় শিশুকে অনেকটা ব্যাঙের মত দেখাবে)

বাইন্ডার দিয়ে শিশুকে মায়ের বুকে ত্বকের স্পর্শে রেখে ভালভাবে বেঁধে ক্যাঙ্গারু মাদার কেয়ার প্রদান করতে হয়







## শিশুর পুষ্টির জন্য মায়ের বুকের দুধ খাওয়ান

✓ কেএমসি দেওয়ার ফলে মায়ের যথেষ্ট পরিমানে দুধ তৈরী হয় তাই মা সফলভাবে দুধ খাওয়াতে পারেন





✓ কেএমসি প্রদানের সময় কেএমসি বাইন্ডার থেকে বের করে শিশুকে স্বাভাবিক অবস্থানে ধরে মায়ের বুকের দুধ খাওয়াতে পারবেন



✓ মায়ের দুধ ভালোভাবে চুষে খেতে না পারলে শিশুকে বিকল্প পদ্ধতিতে মায়ের দুধ খাওয়ান

✓ গালানো দুধ কাপে বা চামচে করে শিশুকে খাওয়াতে পারেন





✓ কিভাবে বুকের দুধ গেলে বের করে খাওযাতে হবে ডাক্তার/ নার্সদের সহযোগিতায় তা জেনে নিন

**জন্মের পর থেকে পূর্ণ ছয় মাস পর্যন্ত শিশুকে শুধুমাত্র মায়ের দুধ খাওয়ান**





## কখন ক্যাঙ্গারু মাদার কেয়ার সেবাপ্রাপ্ত শিশুটি হাসপাতাল থেকে ছাড়পত্র পাবে?

- যদি শিশুটি শারীরিকভাবে সুস্থ থাকে
- যদি শিশুটির ওজন পরপর ৩ দিন সন্তোষজনক হারে বৃদ্ধি পায় (১৫-২০ গ্রাম/ কেজি/ দিন)
- যদি শিশুটির তাপমাত্রা পরপর ৩ দিন স্বাভাবিক থাকে (৩৬.৫°- ৩৭.৫°সে./ ৯৭.৭°-৯৯.৫° ফা.)
- যদি শিশুটি ভালভাবে মায়ের দুধ খেতে পারে
- যদি শিশুটির কোন সংক্রমন বা অন্য কোন অসুস্থতা না থাকে
- যদি মা নিজে কেএমসি প্রদানে আত্মবিশ্বাসী হয়ে থাকেন

## হাসপাতাল থেকে বাড়ীতে গিয়ে কতদিন শিশুকে কেএমসি দিবেন?

- অবশ্যই শিশুর ওজন ***২৫০০*** গ্রাম বা ***গর্ভকাল ৪০ সপ্তাহ*** না হওয়া পর্যন্ত বাড়ীতে কেএমসি সেবা চালিয়ে যেতে হবে
- কেএমসি পজিশন থেকে সুস্থ শিশু যখন বারবার নিজে নিজেই বের হয়ে আসতে চাইবে, তখন বুঝতে হবে শিশুর আর কেএমসি'র প্রয়োজন নেই

## কেএমসি প্রাপ্ত শিশুর কতদিন ফলোআপ করা প্রয়োজন?


- শিশুটির ওজন ২৫০০ গ্রাম অথবা গর্ভকাল ৪০ সপ্তাহ না হওয়া পর্যন্ত ***প্রতি সপ্তাহে একবার*** শিশুর শারীরিক পরীক্ষার জন্য হাসপাতালে এসে ফলোআপ করা প্রয়োজন





## কি কি সমস্যা দেখা দিলে শিশুকে দ্রুত হাসপাতালে নিয়ে যেতে হবে?

- খেতে না পারা
- খিঁচুনি
- দ্রুতশ্বাস (মিনিটে ৬০ বা বেশি বার)
- বুকের খাঁচা মারাত্মক ভাবে দেবে যাওয়া
- জ্বর বা শরীরের তাপমাত্রা কমে যাওয়া
- নেতিয়ে পড়া বা স্বাভাবিকের চেয়ে কম নড়াচড়া করা
- নাভীপাকা ও চারপাশ লালবর্ণ ধারণ



**শিশুর সমস্যা দেখা দিলে হাসপাতালে নিয়ে আসার সময়:**
**মাথায় টুপি পরিয়ে, মায়ের ত্বকের স্পর্শে রেখে, ঘন ঘন মায়ের দুধ খাওয়াতে হবে**